তারিখ ... 7 APR 1989 ...
পৃষ্ঠা ... 1 কলাম ... 1 ...

দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ঢাকা
ডকুমেন্টেশন কেন্দ্র

# আগামী বছর দেশে মেডিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপিত হবে : মতিন

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশে আগামী বছর একটি মেডিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপিত হবে। দেশের সকল মেডিক্যাল কলেজ ও নার্সিং স্কুলসহ সংশ্লিষ্ট সকল শিক্ষাপ্রতিষ্ঠান এই বিশ্ববিদ্যালয়ের আওতায় আসবে।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়ুক্ত উপপ্রধানমন্ত্রী অধ্যাপক এম এ মতিন বিশ্ব স্বাস্থ্য দিবসের প্রাক্কালে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানান। বৃহস্পতিবার বিকালে সচিবালয়ে আয়োজিত এই সম্মেলনে এ প্রসঙ্গে তিনি জানান, ঢাকায় একটি মেডিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপনের ব্যাপারে মন্ত্রী পরিষদের বৈঠকে নীতিগতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পার্লামেন্টের পরবর্তী

(শেষ পৃ, ২-এর কঃ দ্রঃ)



গতকাল জাতীয় যাদুঘরে ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের প্রথম পুনর্মিলনী উৎসবে স্মৃতিচারণ করেন অধ্যক্ষা বেগম আজিজুন নেসা —দৈনিক বাংলা

## মতিন

(১-এর পৃঃ পর)

অধিবেশনে এ ব্যাপারে আইন পাশ করা হবে। এটি স্থাপনের জন্য আনুমানিক মোট ১৫ কোটি টাকা ব্যয় হবে।

অধ্যাপক মতিন প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা ও পরিবার পরিকল্পনা কর্মসূচী বাস্তবায়নে সকলকে এগিয়ে আসার আহবান জানিয়ে বলেন, আমরা এই কর্মসূচীকে একটি আন্দোলনে পরিণত করতে চাই।

তিনি বলেন, আমাদের দেশে অধিকাংশ সাধারণ মানুষ স্বাস্থ্য জ্ঞানের অভাবে অনেকগুলো প্রতিরোধ যোগ্য রোগের শিকার হচ্ছে। শিশু ও মায়েরাই এর প্রধান শিকার। তাই নিরক্ষর মানুষের কাছে স্বাস্থ্য ব্যবস্থার অবকাঠামোতে সুযোগ-সুবিধার চেয়ে স্বাস্থ্য তথ্যের প্রয়োজন বেশী।

সাংবাদিক সম্মেলনে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের সচিব এম হাসান আহমদ উপস্থিত ছিলেন।